

■ সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৬৯০

২/ সালাত (الصلوة)

পরিচ্ছেদঃ ১০৩. ছড়ি না পাওয়া গেলে রেখা টেনে দিবে

بَابُ الْخَطِّ إِذَا لَمْ يَجِدْ عَصَّا

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى بْنِ فَارِسٍ، حَدَّثَنَا عَلَيْهِ - يَعْنِي أَبْنَ الْمَدِينَى - عَنْ سُفِيَّانَ، عَنْ إِسْمَاعِيلَ بْنِ أُمَيَّةَ، عَنْ أَبِي مُحَمَّدٍ بْنِ عَمْرُو بْنِ حُرَيْثٍ، عَنْ جَدِّهِ، حُرَيْثٍ - رَجُلٌ مِنْ بَنِي عُذْرَةَ - عَنْ أَبِي هُرَيْرَةَ، عَنْ أَبِي الْقَاسِمِ، صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ فَذَكَرَ حَدِيثَ الْخَطِّ . قَالَ سُفِيَّانُ لَمْ نَجِدْ شَيْئًا نَشُدُّ بِهِ هَذَا الْحَدِيثَ وَلَمْ يَجِدْ إِلَّا مِنْ هَذَا الْوَجْهِ . قَالَ قُلْتُ لِسُفِيَّانَ إِنَّهُمْ يَخْتَلِفُونُ فِيهِ فَتَفَكَّرَ سَاعَةً ثُمَّ قَالَ مَا أَحْفَظُ إِلَّا أَبَا مُحَمَّدَ بْنَ عَمْرُو قَالَ سُفِيَّانُ قَدِمَ هَا هُنَا رَجُلٌ بَعْدَ مَا مَاتَ إِسْمَاعِيلُ بْنُ أُمَيَّةَ فَطَلَّبَ هَذَا الشَّيْخَ أَبَا مُحَمَّدٍ حَتَّى وَجَدَهُ فَسَأَلَهُ عَنْهُ فَخَلَطَ عَلَيْهِ . قَالَ أَبُو دَاؤَدَ وَسَمِعْتُ أَحْمَدَ بْنَ حَنْبَلَ سُئِلَ عَنْ وَصْفِ الْخَطِّ غَيْرَ مَرَّةٍ فَقَالَ هَكَذَا عَرْضًا مِثْلَ الْهِلَالِ . قَالَ أَبُو دَاؤَدَ وَسَمِعْتُ مُسَدِّدًا قَالَ قَالَ أَبْنُ دَاؤَدَ الْخَطُّ بِالْطُولِ . قَالَ أَبُو دَاؤَدَ وَسَمِعْتُ أَحْمَدَ بْنَ حَنْبَلَ وَصَفَ الْخَطَّ غَيْرَ مَرَّةٍ فَقَالَ هَكَذَا - يَعْنِي - بِالْعَرْضِ حَوْرًا دَوْرًا مِثْلَ الْهِلَالِ يَعْنِي مُنْعَطِفًا .

- ضعيف

বাংলা

৬৯০। আবু হুরাইরাহ (রাঃ) সূত্রে বর্ণিত। আবুল কাসিম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন .. বর্ণনাকারী অতঃপর দাগ টানা সম্পর্কিত হাদীস বর্ণনা করেন। আবু সুফিয়ান বলেন, এ হাদীসটিকে মজবুত প্রমাণ করার মত কিছুই পেলাম না। হাদীসটি কেবল উক্ত সানাদেই বর্ণিত হয়েছে। বর্ণনাকারী বলেন, আমি সুফিয়ানকে বললাম, লোকেরা এতে মতপার্থক্য করেছে। তিনি কিছুক্ষণ ভেবে বললেন, আমার কেবল আবু মুহাম্মাদ ইবনু 'আমরের কথাই মনে পড়ছে। সুফিয়ান বলেন, ইসমাইল ইবনু উমায়াহর মৃত্যুর পর এক ব্যক্তি এখানে (কুফায়) এসে এই শায়খ আবু মুহাম্মাদের অনুসন্ধান করে তাকে পেয়ে যান। তিনি তাকে এ মাটিতে দাগ টানা সম্পর্কে জিজেস

করলে তিনি সঠিক উত্তর দিতে ব্যর্থ হন।

ইমাম আবু দাউদ (রহঃ) বলেন, আমি একাধিকবার আহমাদ ইবনু হাস্বাল থেকে মাটিতে দাগ দেয়া সম্পর্কে শুনেছি যে, দাগটি প্রস্তুত নবচন্দ্রের ন্যায় (মোটা) হবে। ইমাম আবু দাউদ (রহঃ) বলেন, আমি মুসাদ্দাদকে বলতে শুনেছিঃ ইবনু দাউদ বলেছেন, দাগ লম্বালম্বিভাবে টানতে হবে।[1]

দুর্বল।

English

This tradition has also been reported by Abu Hurairah through a different chain of narrators.

Abu Hurairah reported:

The Prophet (ﷺ) said: He then narrated the tradition about drawing the line.

Sufyan said: We did not find anything by which we could reinforce this tradition, and this has been narrated only through this chain.

He ('Ali b. al-Madini, a narrator) said: I said to Sufyan: There is a difference of opinion of the name (Abu Muhammad b. 'Amr). He pondered for a moment and then said: I do not remember except Abu Muhammad b. 'Amr Sufyan said: A man had come to Kufah after the death of Isma'il b. Umayyah ; he was seeking Abu Muhammad until he found him. He asked him (about this tradition) but he became confused. Abu Dawud said: I heard Ahmad b. Hanbal who was questioned many times how the line should be drawn. He replied: In this way. horizontally like crescent.

Abu Dawud said: I heard Musaddad say: Ibn Dawud said: The line should be drawn perpendicularly.

Abu Dawud said: I heard Ahmad b. Hanbal describing many times how the line should be drawn. He said: In this way horizontally in the round semi-circular form like the crescent, that is (the line should be) a curve.

ফুটনোট

[1] এর পূর্বেরটি (৬৮৯ নং হাদীস) দেখুন।

হাদিসের মান: যউফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=58008>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন